

ভর্তি

ডেন্টালের ভর্তি পরীক্ষা: ৫৪৫ আসনের ফলাফল কখন, জানা যাবে দুপুরে

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ০২ মার্চ ২০২৫, ১০: ৫২



সরকারি বেসরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ কবে হবে তা জানা যাবে আজ রোববার (২ মার্চ)। আজ দুপুরে এ সংক্রান্ত সভায় ফলাফল প্রকাশের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা) অধ্যাপক রুবীনা ইয়াসমীন আজ রোববার সকালে প্রথম আলোকে বলেন, ‘আজ রোববার দুপুরে একটি সভা আছে। সেখানে এ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে। সভার পরে জানা যাবে, কখন ডেন্টালে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে।’

সরকারি বেসরকারি ডেন্টাল কলেজ ও মেডিকেল কলেজের ডেন্টাল ইউনিটের ভর্তি পরীক্ষা গত শুক্রবার (২৮ ফেব্রুয়ারি) অনুষ্ঠিত হয়েছে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করেছিলেন ৬৮ হাজার ৬৮৪ জন। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মোট আসন ৫৪৫টি।

মেধাক্রম নির্ধারণ কীভাবে

লিখিত ভর্তি পরীক্ষা এইচএসসি পরীক্ষার সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হয়েছে। লিখিত ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের প্রতিটি ১ (এক) নম্বর করে মোট নম্বর ১০০ (এক শ)। বিষয়ভিত্তিক নম্বর বিভাজন-জীববিজ্ঞান ৩০, রসায়ন ২৫, পদার্থবিজ্ঞান ২০, ইংরেজি ১৫, সাধারণ জ্ঞান (বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি) ১০।

পরীক্ষার সময়কাল ১ (এক) ঘণ্টা। লিখিত পরীক্ষায় প্রতিটি সঠিক উত্তর প্রদানের জন্য ১ (এক) নম্বর প্রদান করা হবে। কোনো প্রশ্নের একাধিক উত্তর প্রদান করলে উত্তরটি ভুল বলে গণ্য হবে। প্রতিটি ভুল উত্তর প্রদানের জন্য ০.২৫ নম্বর কাটা হবে। লিখিত পরীক্ষায় ৪০ (চল্লিশ) নম্বরের কম প্রাপ্তরা দেশে ভর্তিও বিদেশে বিডিএস/সমতুল্য কোর্সে ভর্তির অনুমতির জন্য অকৃতকার্য হিসাবে বিবেচিত হবেন। লিখিত পরীক্ষায় কৃতকার্য পরীক্ষার্থীদের মেধাক্রমসহ ফল প্রকাশ করা হবে।

এসএসসি/‘ও’ লেভেল/সমমান ও এইচএসসি/‘এ’ লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ মোট ১০০ (একশত) নম্বর হিসেবে নির্ধারণ করে মূল্যায়ণ করা হবে। এসএসসি/ও লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএর ১০ গুণ=৫০ নম্বর (সর্বোচ্চ) এইচএসসি/এ লেভেল/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএর ১০ গুণ =৫০ নম্বর (সর্বোচ্চ)।

দ্বিতীয়বার ভর্তি-ইচ্ছুকদের কত নম্বর কাটা-

পূর্ববর্তী বছরের (২০২৩ সালে) এইচএসসি/‘এ’ লেভেল/সমমান পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের ক্ষেত্রে সর্বমোট প্রাপ্ত নম্বর থেকে ৩ (তিন) নম্বর এবং পূর্ববর্তী বছরের (২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে) সরকারি মেডিকেল কলেজ ডেন্টাল কলেজ/মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট এ ভর্তিরত শিক্ষার্থীদের ক্ষেত্রে সর্বমোট নম্বর থেকে ৬ (ছয়) নম্বর কর্তন করে মেধা তালিকায় অবস্থান নির্ধারণ করা হবে।

